

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 14-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

Flight Crash :

আমেদাবাদে এয়ার ইন্ডিয়ান বিমান দুর্ঘটনা নিয়ে তদন্তের কাজ জোর কদমে চলছে। ফরেন্সিক বিশেষজ্ঞরা গতকাল দুর্ঘটনাস্থল পরিদর্শন করে পরীক্ষা নিরীক্ষা চালান। সেখান থেকে বিমানটির ‘ব্ল্যাক বক্স’ পাওয়া গেছে বলে পুলিশ জানিয়েছে। এছাড়াও তদন্তকারীরা ধ্বংসস্তুপ থেকে ডিজিট্যাল ফ্লাইট ডাটা রেকর্ডার উদ্ধার করেছে। এর আগে গুজরাটের সন্ত্রাস দমন শাখা-ATS, দুর্ঘটনাস্থল থেকে একটি ডিজিট্যাল ভয়েস রেকর্ডার’ও উদ্ধার করে।

এদিকে, গতকালের দুর্ঘটনার পর ওই এলাকার বেশ কিছু বাসিন্দা নিখোঁজ বলে জানা যাচ্ছে। তাঁদের সন্ধানে তল্লাশি চলছে। মেঘানিনগর থানায় দুর্ঘটনায় মৃত্যু সংক্রান্ত একটি FIR দায়ের করা হয়েছে।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, সাতটি মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। এছাড়া, DNA পরীক্ষার জন্য আরো ২০০টি নমুনা সংগ্রহ করা হয়েছে।

World Blood Doners Day :

আজ বিশ্ব রক্তদাতা দিবস। প্রতি বছর ১৪ই জুন বিশ্ব রক্তদাতা দিবস উদযাপন করা হয়। বিশ্বব্যাপী স্বেচ্ছাসেবী রক্তদাতাদের প্রতি সম্মান জানাতেই দিবসটি উদযাপন করা হয়। এই উপলক্ষে আজ আগরতলার প্রজ্ঞাভবনে রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদের উদ্যোগে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

HFT :

হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরার উদ্যোগে আয়োজিত দুদিনের অষ্টম লিভারকন সন্মেলন আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে। সন্মেলনের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

Rajib Bhattacharjee :

সাংসদ রাজীব ভট্টাচার্য গতকাল নতুন দিল্লিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সাথে এইমস হাসপাতালটি পরিদর্শনে যান। তিনি হাসপাতালের সামগ্রিক কার্যক্রম এবং রোগীদের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধার দিকগুলি পর্যবেক্ষণ করেন।

Meeting on Infiltration :

রাজ্যে অবৈধ অনুপ্রবেশ রোধ করতে গতকাল মুখ্যসচিব জে. কে. সিনহার সভাপতিত্বে উচ্চ পর্যায়ের এক প্রশাসনিক বৈঠক মহাকরণে অনুষ্ঠিত হয়। বৈঠকে বাংলাদেশ থেকে আগত অবৈধ অনুপ্রবেশকারী এবং রোহিঙ্গাদের অনুপ্রবেশ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। নিরাপত্তা রক্ষার কাজে যুক্ত সকল সংস্থাগুলির সাথে সমন্বয় সাধন করে কাজ করার উপর বৈঠকে আলোচনা হয়।

Justice Arindam Lodh :

ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান-অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ গতকাল কৈলাশহরের রাঙ্গাউটি মাধ্যমিক বিদ্যালয়ে "নারী ও শিশুকন্যা অধিকার" সম্পর্কিত আলোচনাচক্রে বাল্যবিবাহ রোধে সবাইকে একযোগে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি সংবিধান প্রদত্ত মৌলিক অধিকার ও মৌলিক কর্তব্য সম্পর্কে আলোকপাত করেন।

International Yoga Day–Amarpur :

আগামী ২১ জুন আন্তর্জাতিক যোগা দিবস অমরপুর মহকুমায় উদযাপন করা হবে। এই অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে গতকাল মহকুমা শাসকের সভাগৃহে বিধায়ক রঞ্জিত দাসের সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

Dharti Aaba Janajati Gram Utkarsha Abhiyan–North :

উত্তর জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রন গতকাল এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন আগামী ১৫ই জুন থেকে পঞ্চকালব্যাপী ধরতি আবা জনজাতি গ্রাম উৎকর্ষ অভিযান শুরু হবে। এই জেলার ৩৭টি রেভেনিউ মৌজার অধীনে ৫৮টি ভিলেজ কমিটিতে সুবিধাভোগীদের কাছে বিভিন্ন প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে বিশেষ শিবিরের আয়োজন করা হবে।

PM–Viswakarma :

ভারত সরকারের পিএম–বিশ্বকর্মা যোজনার আওতায় গতকাল থেকে ঊনকোটি জেলার কুমারঘাটের মৎস্য প্রশিক্ষণ কেন্দ্রে শুরু হয়েছে মাছের জাল বুননের প্রশিক্ষণ কর্মসূচি। উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। সাতদিনের এই কর্মসূচিতে চল্লিশ জন অংশ নিয়েছেন।

Felicitation :

শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল বিলোনিয়ার শচীন দেববর্মন অডিটোরিয়ামে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় জেলার সেরা ১০ কৃতি এবং ১৭৪টি

স্কুলের প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্তানাধিকারীদের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া।

TRBT :

টিআরবিটি পরিচালিত ২০২৪ সালের টি-টেট পেপার-টু এবং টি-টেট পেপার-ওয়ান পরীক্ষার চূড়ান্ত উত্তরপত্র গত ৯ জুন প্রকাশ করা হয়েছে। গতকাল সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে বোর্ডের চেয়ারম্যান ড. প্রতুষ্ রঞ্জন দেব জানান, প্রকাশিত উত্তরপত্রের বিষয়ে কয়েকজন পরীক্ষার্থী বিশেষজ্ঞদের সিদ্ধান্ত মানতে অসম্মতি জানিয়েছে। পরীক্ষার উত্তরপত্রের ক্ষেত্রে বিশেষজ্ঞদের সিদ্ধান্ত অমান্য করার অধিকার বোর্ডের হাতে নেই। শ্রীদেব বলেন, সর্বভারতীয় স্তরের প্রতিযোগিতামূলক পরীক্ষার নিয়ম মেনেই এই পরীক্ষা নেওয়া হয়েছে।

Workshop :

জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল বিলোনীয়া সার্কিট হাউসে বন অধিকার আইন বিষয়ক একদিনের জেলা ভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া, জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি প্রমুখ।

Second Division :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকালের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত ত্রিপুরা স্পোর্টস স্কুল ও নবোদয় সংঘের খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলার বৃষ্টিপাতের সর্ভকতা জারি করা হয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস।
